[redacted]

[redacted]

[redacted]

[

কোনো কিছু নেই: স্বাস্থ্য শিক্ষা সচিব

গায়েব হওয়া নথিগুলোতে তেমন গোপনীয় কোনো কিছু নেই বলে জানিয়েছেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যশিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মো. আলী নূর। তিনি বলেন, ফাইলের তথ্য আমাদের অন্যান্য বিভাগেও আছে, কম্পিউটারেও আছে, ডিজি অফিসগুলোতেও আছে। এটা নিয়ে তেমন সমস্যা না। তবে মূল বিষয় হচ্ছে ফাইল মিসিং হওয়া!

রোববার (৩১ অক্টোবর) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব এ কথা বলেন।

স্বাস্থ্যশিক্ষা বিভাগের সচিব বলেন, এ ঘটনায় একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সেই কমিটি কাজ শুরু করেছে। আমরা আশা করছি, খুব শিগগির একটি তথ্য জানতে পারবো, কারা কীভাবে কাজটি করেছে এবং কেন করেছে। কমিটি পাঁচ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দেবে।

গায়েব হয়ে যাওয়া ফাইলগুলো কীসের ছিল- জানতে চাইলে সচিব বলেন, এগুলো ক্রয় সংক্রান্ত। এগুলো তেমন গোপনীয় কিছু নেই। প্রত্যেকটা ফাইলের তথ্য আমাদের অন্যান্য বিভাগেও আছে। এ তথ্য আমাদের কম্পিউটারেও আছে, ডিজি অফিসগুলোতেও আছে। তবে মূল বিষয়টা হচ্ছে ফাইল মিসিং হওয়া। এটি হচ্ছে সবচেয়ে বড় বিষয়। এটি উদ্ধারের চেষ্টা করছি।

নথি গায়েবের ঘটনায় মন্ত্রণালয়ের কাউকে সন্দেহ করেন কিনা- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, সন্দেহের বিষয়টা তো এখন বলাটা কঠিন। কারণ আমরা তো সত্যিকারভাবেই আসলে জানি না, কে এই কাজটি করেছেন। এখন আমরা সন্দেহের মধ্যে আছি। আমি তো মনে করি যে, আমরা সবাই সন্দেহের মধ্যেই আছি।

আলী নূর বলেন, আমরা পুলিশকে সেভাবেই বলেছি, আপনারা সবাইকেই ইনক্লুড করবেন, যাতে আমরা তথ্যটা জানতে পারি, উদ্ধার করতে পারি।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যশিক্ষা বিভাগের ১৭টি নথি গায়েবের ঘটনায় গত বৃহস্পতিবার রাজধানীর শাহবাগ থানায় একটি সাধারণ

ডায়েরি (জিডি) হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপসচিব নাদিরা হায়দার এ জিডি করেন। এরপর নথি গায়েব বা খোয়া যাওয়ার ঘটনা তদন্তে রোববার সকালে সচিবালয়ে যায় সিআইডির ক্রাইম সিন ইউনিট। সেখানে কর্মরতদের জিজ্ঞাসাবাদ করেন সিআইডি কর্মকর্তারা। এরপর ওই বিভাগের ছয় কর্মচারীকে জিজ্ঞাসাবাদের জন্য সিআইডি কার্যালয়ে আনা হয়।

ফ্রান্সের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক উন্নয়ন হবে: পররাষ্ট্রমন্ত্রী

ফ্রান্সের সঙ্গে বাংলদেশের সম্পর্ক উন্নয়নের আশা প্রকাশ করেছেন পররাষ্ট্রমন্ত্রী একে আব্দুল মোমেন।

তিনি বলেন, নভেম্বরের ৯ থেকে ১৩ তারিখ পর্যন্ত ফ্রান্সের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর সঙ্গে শেখ হাসিনার দ্বিপক্ষীয় বৈঠক আয়োজন করা হচ্ছে। সফরকালে বাংলাদেশ ও ফ্রান্সের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও উচ্চতর পর্যায়ে নিয়ে যাওয়ার বিষয়ে সিদ্ধান্ত হবে বলে আশা করা যাচ্ছে।

শনিবার তার দপ্তরে সাংবাদিকদের এসব তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী।

লন্ডনের গ্লাসগোতে অনুষ্ঠেয় জলবায়ু শীর্ষ সম্মেলন ও প্যারিসে অনুষ্ঠেয় সরকারি সফরে অংশ নিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল রোববার ঢাকা ছাড়ছেন।

আব্দুল মোমেন বলেন, ফ্রান্সের অন্যান্য মন্ত্রী ও ফ্রান্সের দ্বিকক্ষ বিশিষ্ট সংসদের সদস্যদের সঙ্গে প্রধানমন্ত্রীর আনুষ্ঠানিক সাক্ষাতের প্রস্তাব রয়েছে। এছাড়া ফ্রান্সের বেশ কিছু কোম্পানির প্রধানরা শীর্ষস্থানীয় ফরাসি ব্যবসা প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিত্বকারী সংস্থার একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাতের অনুরোধ জানিয়েছেন।

তিনি বলেন, ফরাসি প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকের সময় বিভিন্ন বিষয়ে

কয়েকটি সমঝোতা স্মারক ও লেটার অব ইনটেন্ট স্বাক্ষরিত হতে পারে বলে ধারণা করা যাচ্ছে।

পররাষ্ট্রমন্ত্রী আরও জানান, প্রধানমন্ত্রী ১ ও ২ নভেম্বর যুক্তরাজ্যের গ্লাসগো এবং ৩ থেকে ৮ তারিখ লন্ডন সফর করবেন। তিনি যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী বরিস জনসন ও শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপাকসের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন। এরপর নভেম্বরের ৯ থেকে ১৩ তারিখ প্যারিস সফর করবেন।

লন্ডন সফরের সময় ওয়েস্ট মিনিস্টার প্যালেসে যুক্তরাজ্যের সংসদের সদস্যদের উদ্দেশে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে একটি বক্তৃতা দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আয়োজিত একটি ভার্চুয়াল বিনিয়োগ সম্মেলনে অংশ নেবেন তিনি।

এছাড়া তিনি লন্ডনের বাংলাদেশ হাইকমিশন আয়োজিত বঙ্গবন্ধুর বিষয়ে গোপন দলিলপত্রের নতুন প্রকাশিত সংস্করণের মোড়ক উন্মোচন করবেন।

চাকরি ছাড়ছেন ডিপ্লোমা নার্স ও ফার্মাসিস্টরা

বর্তমান বাস্তবতায় সরকারি চাকরি ‘সোনার হরিণ’। কিন্তু কারা অধিদপ্তরে দুটি পদের ক্ষেত্রে বিষয়টি উলটা। সেখানে উল্লেখযোগ্য সংখ্যক ডিপ্লোমা নার্স ও ফার্মাসিস্ট পদ বছরের পর বছর শূন্য রয়েছে।
বর্তমান বাস্তবতায় সরকারি চাকরি ‘সোনার হরিণ’। কিন্তু কারা অধিদপ্তরে দুটি পদের ক্ষেত্রে বিষয়টি উলটা। সেখানে উল্লেখযোগ্য সংখ্যক ডিপ্লোমা নার্স ও ফার্মাসিস্ট পদ বছরের পর বছর শূন্য রয়েছে।

এসব পদে বারবার বিজ্ঞপ্তি দেওয়া হলেও পদগুলো পূরণ হয়নি। আর এসব

পদে প্রতিবছর যতসংখ্যক লোক যোগ দিচ্ছেন, তার চেয়ে বেশি চাকরি ছাড়ছেন। দেশের কারাগারগুলোয় ডিপ্লোমা নার্স ও ফার্মাসিস্টের ১৭৩টি পদ আছে। এর ১২২টিই শূন্য।

পদোন্নতি না পাওয়া এবং বদলিসহ নানা ক্ষেত্রে হয়রানির কারণে এ পরিস্থিতি তৈরি হয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

জানা যায়, কারা অধিদপ্তরে ১০৬টি ডিপ্লোমা নার্সের পদ আছে। কিন্তু কর্মরত আছেন মাত্র ৩৫ জন। ফার্মাসিস্টের পদ আছে ৬৭টি। কিন্তু কর্মরত আছেন ৪৫ জন।

২০১৮ সালের ৪ সেপ্টেম্বর কারা অধিদপ্তরের পক্ষ থেকে স্বারষ্ট্র মন্ত্রণালয়ে দেওয়া এক চিঠি অনুযায়ী কারাগারগুলোয় ৫৩টি ডিপ্লোমা নার্স, ১২টি মহিলা ডিপ্লোমা নার্স এবং ৩৩টি ফার্মাসিস্টের পদ খালি ছিল। ওই পদগুলো এখনো পূরণ হয়নি।

এদিকে কারা অভ্যন্তরে বন্দিদের চিকিৎসাসেবায় নিয়োজিত সহকারী সার্জনদের বেশির ভাগ কারা এলাকায় অবস্থান করেন না। থাকেন কারা এলাকার বাইরে। অথচ জেলকোড অনুযায়ী কারা অভ্যন্তরে অবস্থান করে বন্দিদের চিকিৎসা নিশ্চিত করা সহকারী সার্জনদের দায়িত্ব।

কারণ বন্দিরা যে কোনো সময়ই অসুস্থ হতে পারেন। তাদের অসুস্থতা ও মৃত্যুর হার বেশির ভাগই রাতের বেলায়। সহকারী সার্জনদের অনুপস্থিতিতে ওই সময় অসুস্থ বন্দিদের প্রাথমিক স্বাস্থ্যসেবা দেন ডিপ্লোমা নার্স বা ফার্মাসিস্টরা।

জানা যায়, ঢাকা কেন্দ্রীয় কারাগারে কর্মরত ডিপ্লোমা নার্স হামিদুর রহমানের কক্সবাজারে বদলির আদেশ হয়েছে দুই বছর আগে। ওই বদলির আদেশ বাতিল বা স্থগিত করা হয়নি। কিন্তু এখনো তিনি ঢাকা কেন্দ্রীয় কারাগারে আছেন।

কাশিমপুর-৩ হাই সিকিউরিটি কারাগারে কর্মরত ডিপ্লোমা নার্স আবুল বাসারের তিনি বছর অতিক্রান্ত হয়েছে গত জুনে। স্বাভাবিকভাবে তার অন্যত্র বদলির আদেশ হওয়ার কথা। কিন্তু এখনো তিনি সেখানে কর্মরত আছেন।

সূত্র আরও জানায়, জেলকোড অনুযায়ী অনেক বিষয়ের সঙ্গে সহকারী সার্জনদের সংশ্লিষ্টতা আছে। এ কারণে তাদের প্রতি সহনশীল থাকেন জেলার বা জেল সুপাররা। বন্দিদের জন্য সরবরাহ করা খাবারের মান

ওই পাঁচজন সার্বক্ষণিক কারা অভ্যন্তরেই থাকেন। বাকি কারগারগুলোয় দায়িত্ব পালন করেন সরকারের অন্য দপ্তর থেকে আসা সহকারী সার্জনরা। তাই অফিস টাইম শেষে তারা চলে যান। এ কারণে সরকারি ছুটির দিন বা অফিস টাইমের বাইরে তাদের পাওয়া যায় না।

অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ঢাকা কেন্দ্রীয় কারাগারের ডিপ্লোমা নার্স হামিদুর রহমানকে কক্সবাজারে বদলি করার পর তিনি তার সন্তানের পরীক্ষার কথা বিবেচনায় আরও কিছুদিন বর্তমান কর্মস্থলে থাকার আবেদন জানিয়েছলেন।

এ পরিপ্রেক্ষিতে তাকে মাসছয়েক সেখানে থাকার অনুমতি দেওয়া হয়েছিল। অনুমতির মেয়াদ অনেক আগেই শেষে হয়ে গেছে। শিগগিরই এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। বদলি পদায়নে আভ্যন্তরীণ নীতিমালা অনুসরণ করা হচ্ছে বলে তিনি জানান।

এ ব্যাপারে ডিআইজি (প্রিজন্স) তৌহিদুল ইসলাম বলেন, দীর্ঘদিনেও পদোন্নতি না হওয়াসহ নানা কারণে ডিপ্লোমা নার্স ও ফার্মাসিস্টরা চাকরি ছাড়ছেন। বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের নলেজে আছে। শিগগিরই এ বিষয়ে কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

২০২২ সালে সরকারি ছুটি ২২ দিন

২০২২ সালে ছুটির তালিকা অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সাধারণ ও নির্বাহী আদেশ মিলিয়ে আগামী বছরও ২২ দিন ছুটি থাকবে।

বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ ছুটির তালিকা অনুমোদন দেওয়া হয়। তিনি বৈঠকে ভার্চুয়ালি অংশ নেন।

সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম ছুটির তালিকা অনুমোদনের বিষয়টি জানান।

মন্ত্রিপরিষদ সচিব আনোয়ারুল ইসলাম বলেন, ২০২২ সালে ১৪ দিন সাধারণ ছুটি এবং নির্বাহী আদেশে আট দিন সরকারি ছুটি থাকছে। সব মিলিয়ে ছুটি থাকবে ২২ দিন। এর মধ্যে শুক্র ও শনিবার সরকারি ছুটি

পড়েছে ছয় দিন।

২০২১ সালেও ২২ দিন সরকারি ছুটি রয়েছে।

‘খালি মাঠে গোল দেওয়ার চর্চা বিএনপির জন্মলগ্ন থেকে’

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, ১৫ ফেব্রুয়ারির খালি মাঠে নির্বাচনের কথা বিএনপি ভুলে গেলেও জনগণ এখনও ভোলেনি।

তিনি বৃহস্পতিবার সকালে তার বাসভবনে এক ব্রিফিংয়ে এসব কথা বলেন।

ওবায়দুল কাদের বলেন, শেখ হাসিনা সরকার কখনও খালি মাঠে গোল দিতে চায় না। সরকার চায় প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচন, আর খালি মাঠে গোল দিতে আওয়ামী লীগ অভ্যস্তও নয়। বিএনপিই জন্মলগ্ন থেকে এ চর্চা করে আসছে।

বিএনপি কর্মসূচির নামে কোনোরূপ সন্ত্রাস ও জনভোগান্তি সৃষ্টি করলে আওয়ামী লীগ জনগণকে সঙ্গে নিয়ে কঠোরভাবে প্রতিহত করবে বলে হুশিয়ারি দেন সেতুমন্ত্রী।

তিনি বলেন, সভা-সমাবেশ সবার সাংবিধানিক অধিকার; কিন্তু সমাবেশের অনুমতি না দিলে বিএনপি বলত সরকার গণতন্ত্রে বিশ্বাস করে না, আর অনুমতি দিলে হামলা, সন্ত্রাস সৃষ্টি করে জনগণের সম্পদ বিনষ্ট করে।

ওবায়দুল কাদের বলেন, বিএনপির কর্মসূচি মানেই জনগণের মাঝে আতঙ্ক সৃষ্টি করা।

তিনি বলেন, নির্বাচন আওয়ামী লীগ সরকারের অধীনে নয়, নির্বাচন হবে নির্বাচন কমিশনের অধীনে।

পূজামণ্ডপের ঘটনায় বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে সরকারের মামলা দেওয়ার অভিযোগ সত্য নয় জানিয়ে ওবায়দুল কাদের বলেন, কে কোন দল

করে সেটি দেখে নয়, ভিডিও ফুটেজ দেখেই চিহ্নিতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার মাধ্যমে বিএনপি পরিস্থিতি ঘোলাটে করতে চেয়েছিল কিন্তু সরকার তা শক্ত হাতে দমন করেছে উল্লেখ করে ওবায়দুল কাদের বলেন, বিএনপি জাতিকে বিভ্রান্ত করছে এবং বিভেদ তৈরি করছে।

তিনি বলেন, গত মঙ্গলবার নয়াপল্টনে পুলিশের ওপর হামলা এবং সন্ত্রাস সৃষ্টির মাধ্যমে বিএনপি প্রমাণ করেছে, তারা শান্তিপূর্ণ কর্মসূচি পালনে সক্ষম নয়, তাদের কর্মসূচি মানে বিশৃঙ্খলা সৃষ্টি করা।

মঙ্গলবারের কথিত সম্প্রীতি সমাবেশের আড়ালে বিএনপির ভিন্ন কোনো এজেন্ডা ছিল কিনা তা খতিয়ে দেখা দরকার বলে মনে করেন ওবায়দুল কাদের ।

ওবায়দুল কাদের প্রশ্ন রেখে বলেন, তবে কি অপরাধীদের বাঁচানোর জন্যই সম্প্রীতি সমাবেশের নামে বিএনপির এ সন্ত্রাস?
তিনি আরও বলেন, আসলে হামলা, সংঘর্ষ, ষড়যন্ত্র আর সন্ত্রাসী বিএনপির রাজনীতি; সেটি পূজামণ্ডপে হোক আর নয়াপল্টনে হোক— বিএনপি এই বৃত্ত থেকে বেরিয়ে আসতে পারছে না।

‘সপ্তাহখানেকের মধ্যে স্কুল শিক্ষার্থীদের টিকা কার্যক্রম শুরু’

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, সপ্তাহখানেকের মধ্যে স্কুল শিক্ষার্থীদের টিকা কার্যক্রম শুরু হবে। বুধবার দুপুরে বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয় হাসপাতালের (বিএসএমএমইউ) তৃতীয় গবেষণা দিবসের অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, এ বছর প্রধানমন্ত্রী গবেষণার জন্য অধিক

বরাদ্দ দিয়েছেন। গবেষকরা যেন সঠিক সুযোগ পান সেদিকে নজর দেওয়ার তাগিদ দেন শিক্ষামন্ত্রী।

গবেষণায় বরাদ্দের অর্থ ফিরে যাওয়ার ঘটনা উল্লেখ করে মন্ত্রী বলে, যারা গবেষণা করেন তারা নিয়মটা না জানার কারণে এমন হতে পারে।

তবে ভালো গবেষকদের হতাশ না হয়ে গবেষণা চালিয়ে যাওয়ার পরামর্শ দেন শিক্ষামন্ত্রী।

দেশের ভাবমূর্তি নষ্টের অপচেষ্টা হচ্ছে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের ভাবমূর্তি নষ্ট করতে কিছু কিছু ঘটনা মাঝে মধ্যে ঘটছে। এগুলো যে ইচ্ছাকৃতভাবে ঘটানো হচ্ছে তা আপনারা নিজেরাই টের পান। একইসঙ্গে অপপ্রচারও চালানো হয়।

রোববার পায়রা সেতুর উদ্বোধনী অনুষ্ঠানে গণভবন থেকে ভার্চুয়ালি যোগ দিয়ে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, যোগাযোগের মাধ্যমে বাংলাদেশ এগিয়ে যাবে। আর কখনও কেউ পেছনে টানতে পারবে না। কিন্তু আমরা যতই উন্নতি করি আর ভালো কাজ করি, একটা শ্রেণি আছে যারা বাংলাদেশের বদনাম করতে ব্যস্ত।

‘তারা কী চায়? এ দেশের স্বাভাবিক গণতান্ত্রিক প্রক্রিয়া অব্যাহত থাকুক সেটা চায় না তারা। একটা অস্বাভাবিক পরিস্থিতি তৈরি হলে তাদের একটু কদর বাড়ে। সেজন্য তারা সবসময় উন্নয়নটা আর দেখে না। বরং তারা ধ্বংসই করতে চায়। এটাই বাস্তবতা। এ ব্যাপারে দেশবাসীকে সতর্ক থাকতে হবে।’

তিনি বলেন, আমরা করোনা মহামারি মোকাবিলা করেছি। টিকা দিচ্ছি। দেশের কোনো মানুষই টিকা থেকে বাদ থাকবে না। সবাইকে টিকা দিয়ে যাতে নিরাপদ থাকতে পারে সেই ব্যবস্থাও করব। স্কুল-কলেজ ধীরে ধীরে

খুলে দিচ্ছি, যাতে আমাদের ছেলেমেয়েদের লেখাপড়ায় কোনো প্রতিবন্ধকতা তৈরি না হয়।

শেখ হাসিনা বলেন, আমি নিজে উপস্থিত থেকে এই সেতুর ওপর দিয়ে যদি গাড়ি চালিয়ে যেতে পারতাম বা সেতুতে নেমে একটু দাঁড়াতে পারতাম বা একটু হাঁটতে পারতাম তাহলে সত্যি খুব ভালো লাগতো। পায়রা নদীটা যদি দেখতে পারতাম, এই নদীতে সবসময় স্পিডবোটে চড়েছি। কিন্তু করোনার কারণে বলতে গেলে বন্দি জীবন কাটছে। সেজন্য আর সেটা হলো না। তবে আমার আকাঙ্ক্ষা আছে, একদিন গাড়ি চালিয়ে এই সেতুতে অবশ্যই যাব।

বিচারপতি সিনহার মামলার রায় আজ

সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ (এস কে সিনহা) ১১ জনের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলার রায় আজ। ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক শেখ নাজমুল আলম এই রায় ঘোষণা করবেন।

এর আগে ১৪ সেপ্টেম্বর একই আদালতে এ মামলায় উভয়পক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শুনানি শেষ হয়। এরপর রায় ঘোষণার জন্য ৫ অক্টোবর তারিখ ধার্য করেন আদালত। কিন্তু সেদিন বিচারক পারিবারিক কারণে ছুটিতে থাকায় মামলার রায় পিছিয়ে আজকের দিন ধার্য করা হয়।

এস কে সিনহা ছাড়া মামলার বাকি আসামিরা হলেন- ফারমার্স ব্যাংকের সাবেক এমডি এ কে এম শামীম, সাবেক এসইভিপি গাজী সালাহউদ্দিন, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট স্বপন কুমার রায়, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট সাফিউদ্দিন আসকারী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মো. জিয়াউদ্দিন আহমেদ, ভাইস প্রেসিডেন্ট মো. লুৎফুল হক, টাঙ্গাইলের বাসিন্দা মো. শাহজাহান, একই এলাকার নিরঞ্জন চন্দ্র সাহা, রনজিৎ চন্দ্র সাহা ও তার স্ত্রী সান্ত্রী রায়।

গত ২৯ আগস্ট একই আদালতে আত্মপক্ষ সমর্থনে সাত আসামি নিজেদের নির্দোষ দাবি করেন এবং আদালতের কাছে ন্যায়বিচার প্রত্যাশা করেন।

২০১৯ সালের ১০ জুলাই ঋণ জালিয়াতি ও চার কোটি টাকা আত্মসাতে জড়িত থাকার অভিযোগে এস কে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে মামলা করে দুদক। দুদকের সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এ মামলা করা হয়। মামলার বাদী দুদকের পরিচালক সৈয়দ ইকবাল হোসেন।

গত ২৪ আগস্ট আলোচিত এ মামলার তদন্ত কর্মকর্তা দুদকের পরিচালক বেনজীর আহমেদকে জেরা করেন আসামিপক্ষের আইনজীবীরা। ওইদিন তার জেরা শেষ হওয়ায় আদালত আসামিপক্ষের আত্মপক্ষ সমর্থনের জন্য ২৯ আগস্ট দিন ধার্য করেন। এ মামলায় ২১ সাক্ষীর মধ্যে সবার সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে।

দ্রুত ব্যবস্থা নিতে প্রধানমন্ত্রীর নির্দেশ

দেশের বিভিন্ন জেলায় পূজামণ্ডপে হামলা-ভাঙচুর ও হিন্দু সম্প্রদায়ের বাড়িঘরে আগুন দেওয়ার ঘটনায় দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

মঙ্গলবার অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের প্রতি তিনি এ নির্দেশনা দেন।

বৈঠক শেষে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে এ কথা জানান মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, যত তাড়াতাড়ি সম্ভব তদন্ত করে যারা এসব ঘটনার সূত্রপাত করল, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলেছেন প্রধানমন্ত্রী।

পাশাপাশি ধর্মীয় ও রাজনৈতিক ব্যক্তিদের প্রতি এসব ইস্যুতে মতবিনিময় করতে প্রধানমন্ত্রী আহ্বান জানিয়েছেন বলে জানান তিনি।